Solve বাংলা লিপি উৎপন্ন ব্রাহ্মী লিপি থেকে। শুধু বাংলা নয় সব ভারতীয় লিপিই এ ব্রাহ্মী লিপি থেকে জন্মলাভ করেছে। ব্রাহ্মী লিপি ভারতীয় মৌলিক লিপি। সিংহলি, বর্মী, শ্যামী, যবদ্বীপী ও তিব্বতি লিপির উৎসও ব্রাহ্মী লিপি

JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS

Scanned with CamScanner

JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS

3. স্বরবর্ণে মাত্রাহীন বর্ণ কয়টি?
Ⓐ ৭টি Ⓑ ৩টি
Ⓒ ৪টি Ⓓ ১১টি

Solve বর্ণের মাত্রা বিষয়ক তথ্য।

বিষয়	স্বরবর্ণ	ব্যঞ্জনবর্ণ	মোটবর্ণ
পূর্ণমাত্রা	৬টি	২৬	৩২টি
অর্ধমাত্রা	১টি	৭টি	৮টি
মাত্রাহীন	৪টি (এ, ঐ, ও, ঔ)	৬টি	১০টি

4. 'হিংসা' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি?
Ⓐ হিম + সা Ⓑ হিন্ + সা
Ⓒ হিঙ + সা Ⓓ হিন্স + আ

Solve কতিপয় নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি : বন্ + পতি = বনস্পতি, সিন্ + হ = সিংহ, তদ্ + কর = তস্কর, আ + পদ = আস্পদ।

5. 'মৌমাছি' কোন সমাসের উদাহরণ?
Ⓐ দ্বন্দ্ব Ⓑ কর্মধারয়
Ⓒ তৎপুরুষ Ⓓ বহুব্রীহি

Solve যে কর্মধারয় সমাসের মধ্যপদ লোপ পায়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন : মৌ (মধু) সঞ্চয়কারী মাছি = মৌমাছি। শহিদ স্মরণে পালনীয় দিবস = শহিদ-দিবস।

6. 'বড় ভাই থাকতে ছোট ভাইয়ের বিয়ে' এক কথায় হবে–
Ⓐ অধিবেদন Ⓑ পরিবেদন
Ⓒ উপজ্ঞা Ⓓ উপধা

Solve কতিপয় এক কথায় প্রকাশ : প্রথম স্ত্রী থাকা সত্ত্বেও দ্বিতীয় বার বিয়ে করা– অধিবেদন; সহজাত জ্ঞান– উপজ্ঞা; অন্ত্যবর্ণের পূর্ব বর্ণকে বলে– উপধা; কৃত নামের পরিবর্তে ব্যবহৃত নাম– উপনাম।

7. 'Enterprise' শব্দের বাংলা পরিভাষা কোনটি?
Ⓐ দোকান Ⓑ নিষেধাজ্ঞা
Ⓒ সাহসী উদ্যোগ Ⓓ গাড়ির কারখানা

Solve গুরুত্বপূর্ণ পরিভাষা :

বিদেশি শব্দ	পরিভাষা	বিদেশি শব্দ	পরিভাষা
Eligible	উপযুক্ত	Extreme	চরম
Excuse	অজুহাত	Export	রপ্তানি

8. মধ্যযুগের সর্বশেষ কবি কে?
Ⓐ ভারতচন্দ্র রায়গুণাকর Ⓑ আলাওল
Ⓒ শাহ মুহম্মদ সগীর Ⓓ কানা হরিদ Ans Ⓐ

9. 'ক্ষ' এর বিশ্লেষিত রূপ কোনটি?
Ⓐ ক্ + ঙ Ⓑ ক্ + ণ
Ⓒ ক্ + ঞ Ⓓ ক্ + দ

Solve কতিপয় যুক্তবর্ণের বিশ্লেষিত রূপ :

যুক্তবর্ণ	বিশ্লেষিত রূপ	যুক্তবর্ণ	বিশ্লেষিত রূপ
প্র্য	প্ + র্ + য	ষ্ম	ক্ + ষ্ + ম
গ্র্য	ন্ + ত্ + র্ + য	ঞ্চ	ঞ্ + চ

10. বাংলা গদ্যরূপ কখন বিকাশ লাভ করে?
Ⓐ প্রাচীনযুগ Ⓑ মধ্যযুগ
Ⓒ ইংরেজ আগমনের পরে Ⓓ স্বাধীনতাযুদ্ধের পরে Ans Ⓒ

11. কোন বানানটি ঠিক?
Ⓐ ভাষণ Ⓑ ভাষন
Ⓒ পুরষ্কার Ⓓ আবিষ্কার

Solve বানানশুদ্ধি : ভাষন – ভাষণ, পুরষ্কার – পুরস্কার, আবিষ্কার – আবিষ্কার। কতিপয় শুদ্ধ বানান : প্রণয়ন, পৌরোহিত্য, প্রোজ্জ্বল, পৈতৃক, পরিষ্কার, পরজীবী, বয়ঃসন্ধি, বিদ্বজ্জন, ব্যুৎপত্তি, ব্যূহ, ব্যতীত, ব্রাহ্মণ।

22. 'আবাহন' শব্দের অর্থ কোনটি?
Ⓐ নিমন্ত্রণ Ⓑ আমন্ত্রণ
Ⓒ সঙ্গীত Ⓓ আগমন

Solve কতিপয় শব্দার্থ।

উদীচী– উত্তরদিক	নৈর্ঋত– দক্ষিণ-পশ্চিম দিক
প্রতীতি– জ্ঞান	অদিতি– পৃথিবী
প্রতীচী– পশ্চিম দিক	প্রত্যয়– বিশ্বাস

23. আদরার্থে কোনটি?
Ⓐ বোনাই Ⓑ কেষ্টা
Ⓒ নিমাই Ⓓ গোপাল

Solve আই -প্রত্যয় দ্বারা শব্দ গঠন :
আদরার্থে : কানু + আই = কানাই, নিম + আই = নিমাই, জগা + আই = জগাই।
স্ত্রী বা পুরুষবাচক শব্দের বৈপরীত্য বোঝাতে : বোন + আই = বোনাই, ননদ + আই = নন্দাই।
উল্লেখ্য, কেষ্ট + আ = কেষ্টা (নিন্দা বা তুচ্ছার্থে)।

24. 'বাঁশি বাজে ঐ মধুর লগনে' এটি কোন বাচ্যের উদাহরণ?
Ⓐ কর্মবাচ্য Ⓑ ভাববাচ্য
Ⓒ কর্তৃবাচ্য Ⓓ কর্মকর্তৃবাচ্য

Solve যে বাক্যে কর্মপদই কর্তৃস্থানীয় হয়ে বাক্য গঠন করে, তাকে কর্মকর্তৃবাচ্যের বাক্য বলে। যেমন : কাজটা ভালো দেখায় না। সুতি কাপড় অনেক দিন টেকে।

25. মীর মশাররফ হোসেন রচিত নাটকের ঠিক বানান কোনটি?
Ⓐ জমিদার দর্পণ Ⓑ জমীদার দর্পণ
Ⓒ জমীদার দর্পন Ⓓ জমিদার দর্পন

Solve কতিপয় শুদ্ধ বানান : রুচিৎ, গ্রামীণ, গার্হস্থ্য, ক্ষুন্নিবৃত্তি, কৌতূহল, কাঙ্ক্ষিত, জলোচ্ছ্বাস, জাত্যভিমান, তৎক্ষণাৎ।

26. 'পাঠক' শব্দটি কোন শ্রেণির ধাতু থেকে গঠিত?
Ⓐ দেশি Ⓑ বিদেশি
Ⓒ সংস্কৃত Ⓓ বাংলা

Solve বাংলা ভাষায় যেসব তৎসম ক্রিয়াপদের ধাতু প্রচলিত রয়েছে তাদের সংস্কৃত ধাতু বলে। যেমন : পঠ্, কৃ, গম্, গঠ্, অঙ্ক, ধৃ।

27. 'সিত' শব্দটির অর্থ কী?
Ⓐ কালো Ⓑ সাদা
Ⓒ সবুজ Ⓓ কমলা

Solve গুরুত্বপূর্ণ শব্দার্থ :

সংমার্জন– পরিষ্কারকরণ, সংশোধন।	সংমার্জিত– পরিষ্কৃত।
অলখ– অলক্ষ/দৃষ্টির অগোচরে।	সংমার্জক– পরিষ্কারক।

28. তুমি সকালে কী খেয়েছ? বাক্যে 'কী' কোন পদ?
Ⓐ বিশেষ্য Ⓑ সর্বনাম
Ⓒ অব্যয় Ⓓ বিশেষণ

Solve 'কি' ও 'কী' এর কয়েকটি ব্যবহার :

সর্বনাম	তার নাম কী?	তার নাম হাফিজ।
বিশেষণ	কী সুন্দর পাখি।	অনেক সুন্দর পাখি।
অব্যয়	তুমি কি খেয়েছ?	হ্যাঁ/না।

29. কেবল কোন ধরনের শব্দে মূর্ধন্য-ণ এবং মূর্ধন্য-ষ ব্যবহৃত হয়?
Ⓐ খাঁটি বাংলা Ⓑ তৎসম বা সংস্কৃত
Ⓒ বিদেশি Ⓓ বাংলাদেশি

Solve 'ণ-ত্ব ও ষ-ত্ব' বিধি অনুসারে তৎসম শব্দে 'ণ' ও 'ষ' ব্যবহৃত হয়। যেমন : কৃপণ, ঋণ, ঋষি, ভাষণ, রামায়ণ প্রভৃতি।

JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS • JOYEOLY PUBLICATIONS

Scanned with CamScanner CamScanner

30. 'সবার উপরে মানুষ সত্য তাহার উপর নাই' উক্তিটি কার?

Ⓐ বড়ু চণ্ডীদাস Ⓑ দ্বীন চণ্ডীদাস
Ⓒ চণ্ডীদাস Ⓓ অনন্ত বড়ু চণ্ডীদাস

Solve কতিপয় পঙ্‌ক্তি/উক্তি ও রচয়িতা :

সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু/অনলে পুড়িয়া গেল।	জ্ঞানদাস
স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে...	রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
পাখি সব করে রব, রাতি পোহাইল/কাননে কুসুম কলি সকলি ফুটিল।	মদনমোহন তর্কালঙ্কার

31. সারমর্ম লেখ :

"বেদনার যুগ, মানুষের যুগ, সাম্যের যুগ আজি,
কেহ রহিবে না বন্দী কাহারও, উঠিছে ডঙ্কা বাজি
নর যদি রাখে নারীরে বন্দী, তবে এর পর যুগে
আপনার রচা ঐ কারাগারে পুরুষ মরিবে ভুগে। যুগের ধর্ম এই–
পীড়ন করিলে সে পীড়ন এসে পীড়া দেবে তোমাকেই।" [সূত্র : 'নারী' কাজী নজরুল ইসলাম]

সারমর্ম : পৃথিবী বিনির্মাণে পুরুষের যতখানি অবদান নারীর অবদানও ঠিক ততটাই। কিন্তু যুগে যুগে নারীকে বন্দি করে রাখতে চেয়েছে পুরুষ। তবে আজ যদি পুরুষ তথা সমাজ নারীকে বন্দি করে রাখে, তবে একদিন সেই কারাগারে পুরুষ তথা সমাজকেও বন্দি হতে হবে।

32. ছোটগল্পের পাঁচটি বৈশিষ্ট্য লেখ।

উত্তর: ছোটগল্প বলতে স্বল্প কথায় ও স্বল্প পরিসরে জীবনের খণ্ডাংশের বর্ণনাকে বোঝায়। ছোটগল্পের পাঁচটি বৈশিষ্ট্য :

০১. একটি বিষয়কে কেন্দ্র করে গল্প আবর্তিত হয়।
০২. গল্পে শাখাকাহিনি বা উপকাহিনি স্থান পায় না।
০৩. আয়তনে ছোট হয়।
০৪. ছোটগল্প শেষ হয় নাটকীয়ভাবে। গল্প পড়া শেষে পাঠকের মনে অতৃপ্তি রয়ে যায়।
০৫. গল্প যেমন হঠাৎ শুরু হয়, তেমনি হঠাৎ শেষও হয়ে যায়।

33. 'সমাজ ও সাহিত্য' শিরোনামে পাঁচটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

উত্তর: সামাজিক পরিবেশ তথা বাস্তব অভিজ্ঞতার প্রত্যক্ষ জগৎ, রহস্যময় ও লীলাচপল প্রকৃতি নিয়ে গঠিত হয় সাহিত্যিকের বস্তু-বিশ্ব। এজন্য সমাজ ও সাহিত্য একে অপরের পরিপূরক। সমাজে বিরাজমান কিংবা ঘটে যাওয়া ঘটনাকে কেন্দ্র করেই রচিত হয় সাহিত্য। সাহিত্যে সমাজের সমস্যা ও সম্ভাবনা এবং কিংবদন্তিকে উপস্থাপন করা হয়। সাহিত্যের উদ্দেশ্য ও স্বরূপ সমাজকে কেন্দ্র করেই আবর্তিত হয়।

34. টীকা লেখ :

ক. ঈশ্বরচন্দ্র গুপ্ত

উত্তর : ঈশ্বরচন্দ্র গুপ্ত ১৮১২ সালের ৬ই মার্চ ভারতের পশ্চিমবঙ্গের উত্তর চব্বিশ পরগনা জেলার কাঁচড়াপাড়ায় জন্মগ্রহণ করেন। তাঁর কবিতায় মধ্যযুগ ও আধুনিক যুগ-উভয়েরই লক্ষণ দেখা যায়। তিই তিনি বাংলা সাহিত্যে যুগসন্ধিক্ষণের কবি হিসেবে পরিচিত। বিচিত্র অলংকারের ব্যবহার এবং ব্যঙ্গ-কৌতুক তাঁর কবিতার অন্যতম প্রধান বৈশিষ্ট্য। তাঁর কবিতায় স্বদেশপ্রীতির সর্বোত্তম বহিঃপ্রকাশ ঘটেছে। তিনি ১৮৫৯ সালের ২৩ জানুয়ারি মৃত্যুবরণ করেন।

খ. অমিত্রাক্ষর ছন্দ

উত্তর : পয়ার ছন্দভিত্তিক, অনুপ্রাসহীন এবং পূর্ণযতির মিত্রতাহীন প্রবহমান ছন্দকে অমিত্রাক্ষর ছন্দ বলে। মধুসূদন-পূর্ব হাজার বছরের বাংলা কবিতার ছন্দ ছিল পয়ার। একটি চরণের শেষে আরেকটি চরণের মিল ছিল ওই ছন্দের অনড়প্রথা। মধুসূদন বাংলা কবিতার এ প্রথাকে ভেঙে দিয়ে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন করেন। তবে এটি অক্ষরবৃত্ত ছন্দেরই নবরূপায়ণ।

খুলনা বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা : ২০১১-১২; B-ইউনিট

বিষয় : বাংলা

01. শওকত ওসমান কার ছদ্মনাম?

Ⓐ মীর মশাররফ হোসেন Ⓑ শেখ আজিজুর রহমান Ⓒ বিমল ঘোষ
Ⓓ মোহিতলাল মজুমদার Ⓔ কোনোটিই নয়

Solve কতিপয় লেখকের প্রকৃত ও ছদ্মনাম :

প্রকৃত নাম	ছদ্মনাম	প্রকৃত নাম	ছদ্মনাম
মীর মশাররফ হোসেন	গাজী মিয়াঁ	বিমল ঘোষ	মৌমাছি
মোহিতলাল মজুমদার	সত্যসুন্দর দাস	সমরেশ বসু	কালকূট

02. 'ভাষা মানুষের মুখ থেকে কলমের মুখে আসে, উল্টোটা করতে গেলে ভুল কালি পড়ে' উক্তিটি কার?

Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ কাজী নজরুল ইসলাম Ⓒ প্রমথ চৌধুরী
Ⓓ সত্যেন্দ্রনাথ দত্ত Ⓔ কোনোটিই নয়

Solve কতিপয় বিখ্যাত উক্তি :

সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত	প্রমথ চৌধুরী
গ্রহণ করেছ যত, ঋণী তত করেছ আমায়	রবীন্দ্রনাথ ঠাকুর
হে দারিদ্র্য, তুমি মোরে করেছ মহান	কাজী নজরুল ইসলাম

03. বাংলা কাব্যসাহিত্যে আধুনিকতার জনক কে?

Ⓐ কাজী নজরুল ইসলাম Ⓑ সত্যেন্দ্রনাথ দত্ত Ⓒ মধুসূদন দত্ত
Ⓓ নবীনচন্দ্র সেন Ⓔ কোনোটিই নয়

Solve মাইকেল মধুসূদন দত্ত দেবদেবীর স্তুতি, প্রেম, প্রকৃতির ছ মানবধর্ম ও মনুষ্যকে কাব্যে বড় করে তুলে ধরেন এবং পাশ্চাত্য সাহিত্যের ছন্দের আনয়ন করে কাব্যসাহিত্যে আধুনিকতার জন্ম দেন।

04. 'একাত্তরের দিনগুলি' এর রচয়িতা কে?

Ⓐ জাহানারা ইমাম Ⓑ বেগম সুফিয়া কামাল Ⓒ নাসরিন জাহান
Ⓓ সেলিনা হোসেন Ⓔ কোনোটিই নয়

Solve জাহানারা ইমাম রচিত 'একাত্তরের দিনগুলি' দিনপ আকারে রচিত মুক্তিযুদ্ধ নিয়ে স্মৃতিচারণমূলক রচনা থেকে পাঠ্যভুক্ত অংশ গৃহীত হয়েছে। শহিদ জননী জাহানারা ইমাম মুক্তিযুদ্ধে তাঁর সন্তান রু হারিয়েছেন। এ রচনায় গভীর বেদনার সঙ্গে আভাসে-ইঙ্গিতে তিনি তাঁর হৃদ রক্তক্ষরণের যন্ত্রণা ব্যক্ত করেছেন।

05. বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক কে?

Ⓐ কৃষ্ণকুমারী দেবী Ⓑ স্বর্ণকুমারী দেবী Ⓒ চন্দ্রাবতী দেবী
Ⓓ পদ্মাবতী দেবী Ⓔ কোনোটিই নয়

Solve স্বর্ণকুমারী দেবী (২৮ আগস্ট ১৮৫৫ - ৩ জুলাই ১৯৩ ছিলেন একজন বাঙালি কবি, ঔপন্যাসিক, সংগীতকার ও সমাজসংস্কার তিনিই ছিলেন আধুনিক বাংলা সাহিত্যের প্রথম মহিলা সাহিত্যিক। স্বর্ণকু দেবী ছিলেন প্রিন্স দ্বারকানাথ ঠাকুরের পৌত্রি, দেবেন্দ্রনাথ ঠাকুরের চতুর্থ ক এবং রবীন্দ্রনাথ ঠাকুরের বড় বোন।

06. 'চলন্ত' শব্দটি কোন পদের উদাহরণ?

Ⓐ ক্রিয়া বিশেষণ Ⓑ ভাববাচক বিশেষ্য Ⓒ বিশেষ্যের বিশেষণ
Ⓓ গুণবাচক বিশেষ্য Ⓔ কোনোটিই নয়

Solve যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশে করে তাকে নাম বিশেষণ বলে। নাম বিশেষণের অন্তর্ভুক্ত বিশেষ্যের বিশেষণ।

Scanned with CamScanner CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

'লাপাত্তা' শব্দের 'লা' উপসর্গটি বাংলা ভাষায় এসেছে–
Ⓐ আরবি ভাষা থেকে Ⓑ ফরাসি ভাষা থেকে Ⓒ উর্দু ভাষা থেকে
Ⓓ হিন্দি ভাষা থেকে Ⓔ কোনোটিই নয়

Solve কতিপয় আরবি উপসর্গ ও উদাহরণ :

উপসর্গ	অর্থদ্যোতকতা	উদাহরণ
আম্	সাধারণ অর্থে	আমদরবার, আমমোক্তার।
খাস্	বিশেষ অর্থে	খাসমহল, খাসকামরা, খাসদরবার।
লা	না অর্থে	লাজওয়াব, লাওয়ারিশ, লাপাত্তা।
গর্	অভাব অর্থে	গরমিল, গরহাজির, গররাজি।

নিচের কোনটি মৌলিক শব্দ?
Ⓐ বাঁশি Ⓑ সুপ্রভাত Ⓒ ঢালাই
Ⓓ ঢাকাই Ⓔ কোনোটিই নয়

Solve যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোই মৌলিক শব্দ। যেমন : গোলাপ, নাক, লাল, তিন।

'একরোখা' কোন সমাসের উদাহরণ?
Ⓐ দ্বিগু Ⓑ দ্বন্দ্ব Ⓒ কর্মধারয়
Ⓓ বহুব্রীহি Ⓔ কোনোটিই নয়

Solve যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো অর্থ বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : বহু ব্রীহি (ধান) আছে যার = বহুব্রীহি। একদিকে রোখ যার = একরোখা।

'তোমার তরে এনেছি মালা গাঁথিয়া' এখানে 'তরে' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করছে?
Ⓐ মধ্যে Ⓑ নিকট Ⓒ হেতু
Ⓓ নিমিত্ত Ⓔ কোনোটিই নয় Ans Ⓓ

'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এল বান।' এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ?
Ⓐ অবস্থানবাচক Ⓑ বাক্যালংকার Ⓒ ধ্বন্যাত্মক
Ⓓ দ্বিরুক্ত Ⓔ কোনোটিই নয়

Solve যুগ্মরীতিতে গঠিত ধ্বন্যাত্মক শব্দ : কিচির মিচির, হাপুস হুপুস। এ ধরনের শব্দে একই শব্দ ঈষৎ পরিবর্তন করে শব্দ গঠিত হয়।

অর্থ অনুসারে শব্দ কয় প্রকার?
Ⓐ ছয় Ⓑ পাঁচ Ⓒ দুই
Ⓓ তিন Ⓔ কোনোটিই নয়

Solve শব্দের প্রকারভেদ :

বিষয়	প্রকারভেদ
অর্থগত	তিন প্রকার। যথা : যৌগিক শব্দ, রূঢ় বা রূঢ়ি, যোগরূঢ়।
গঠনগত	দুই প্রকার। যথা : মৌলিক শব্দ, সাধিত শব্দ।
উৎপত্তিগত	পাঁচ প্রকার। যথা : তৎসম, অর্ধ-তৎসম, তদ্ভব, দেশি, বিদেশি। উল্লেখ্য, নতুন ব্যাকরণ অনুসারে চার প্রকার। যথা : তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি।

সারাংশ বা সারমর্ম সাধারণত কয়টি অনুচ্ছেদে লিখতে হয়?
Ⓐ একটি Ⓑ দুটি Ⓒ তিনটি
Ⓓ চারটি Ⓔ কোনোটিই নয় Ans Ⓐ

'সূর্য' এর প্রতিশব্দ কোনটি?
Ⓐ সুধাংশু Ⓑ শশাংক Ⓒ আদিত্য
Ⓓ বিধু Ⓔ কোনোটিই নয়

Solve কতিপয় সমার্থক শব্দ :

সূর্য	অর্ক, বালার্ক, ভাস্কর, সবিতা, বিবস্বান, পূষন।
চন্দ্র	বিধু, সোম, নিশাকর, শশধর, রাকেশ, ইন্দু, মৃগাঙ্ক।

কোন বানানটি শুদ্ধ?
Ⓐ বাঙ্গালী Ⓑ বাঙালী Ⓒ বাঙালি
Ⓓ বাঙ্গালি Ⓔ কোনোটিই নয়

Solve কতিপয় শুদ্ধ বানান : বহিরিন্দ্রিয়, বিভীষিকা, বাল্মীকি, বৈয়াকরণ, বুদ্ধিজীবী, ভবিষ্যদ্বাণী, ভুবনভুলানো, মনঃপূত, মনোমোহন, মনস্তত্ত্ব, মহত্ত্ব, মুহূর্ত, ম্যাজিস্ট্রেট, মুমূর্ষু।

Subject : English

16. The literary work *'The Waste Land'* is a ——.
Ⓐ poem by T.S. Eliot
Ⓑ play by P.B. Shelley
Ⓒ novel by William Shakespeare
Ⓓ historical work by Charles Dickens
Ⓔ None
Explanation ইংরেজি সাহিত্যের বাইবেল খ্যাত কবিতা *The Waste Land* লিখেছেন ইংরেজ কবি Thomas Stearns Eliot (1888-1965)।

17. "To be or not to be that is the question:" is a quotation from —
Ⓐ Romeo and Juliet Ⓑ Julius Caesar Ⓒ Macbeth
Ⓓ Hamlet Ⓔ None
Explanation বিখ্যাত এই উক্তিটি নেওয়া হয়েছে William Shakespeare (1564-1616) রচিত ট্রাজেডি Hamlet থেকে।

18. The poem 'Under the Green Wood Tree' was written by —
Ⓐ William Wordsworth Ⓑ Robert Browning
Ⓒ William Shakespeare Ⓓ Ralph Hodgson
Ⓔ None
Explanation Under the Green Wood Tree কবিতাটি লিখেছেন Bard of Avon খ্যাত poet William Shakespeare (1564 – 1616)।

19. Which is known as Romantic period of English literature?
Ⓐ 1550-1558 Ⓑ 1649-1660 Ⓒ 1798-1832
Ⓓ 1910-1936 Ⓔ None
Explanation 1798 সালে Lyrical Ballads প্রকাশ্যের মধ্যে দিয়ে romantic যুগ শুরু এবং 1832 সাল পর্যন্ত এই যুগ ধরা হয়।

20. What is an epic?
Ⓐ a long poem Ⓑ a long prose composition Ⓒ a romance
Ⓓ a novel Ⓔ None
Explanation Epic হলো আয়তনে বৃহৎ (long) কবিতার সংকলন।

Fill in the blanks with appropriate word for the following questions:

21. Now a days many villages are lit —— electricity.
Ⓐ with Ⓑ by Ⓒ from
Ⓓ on Ⓔ None
Explanation Lit এর সাথে by হয়। lit by electricity – আলোকবিশিষ্ট করা।

22. He is devoid —— commonsense.
Ⓐ of Ⓑ from Ⓒ at
Ⓓ to Ⓔ None
Explanation Devoid of - বর্জিত।

23. When water ——, it turns into ice.
Ⓐ will freeze Ⓑ freezes Ⓒ would freeze
Ⓓ froze Ⓔ None
Explanation বৈজ্ঞানিক সত্য/চিরন্তন সত্য ইত্যাদির ক্ষেত্রে zero condidional (If + present indefinite — present indefinite) ব্যবহৃত হয়।

24. My uncle has three sons, —— work in the same office.
Ⓐ all of them Ⓑ who all Ⓒ they all
Ⓓ all of whom Ⓔ None
Explanation বাক্যে একটি relative pronoun দরকার দুটি clause কে যুক্ত করার জন্য। তাই all of whom হবে।

25. The first language means —— language.
Ⓐ important Ⓑ main Ⓒ natural
Ⓓ official Ⓔ None
Explanation First language হলো সেটা যেটা মানুষ স্বাভাবিক ভাবেই শেখে। যেমন মাতৃভাষা।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Scanned with CamScanner CamScanner

26. He was excused — his age.
Ⓐ in view of Ⓑ in the light of Ⓒ in accordance with
Ⓓ in quest of Ⓔ None
Ans Ⓐ Explanation In view of অর্থ জন্যে বা কারণে।

27. The path — paved, so we were able to walk through the path.
Ⓐ was Ⓑ had been Ⓒ has been
Ⓓ being Ⓔ None
Ans Ⓓ Explanation অতীতের দুটি বিষয়ের মধ্যে যেটি আগে ঘটে সেটি past perfect tense হয়।

Choose the correct answer for the following questions:

28. Which of the following is a correct proverb?
Ⓐ Fools rush is the where angels fear to tread.
Ⓑ Fools rush in all where angels fear to tread.
Ⓒ Fools rush in where angels fear to tread.
Ⓓ Fools rush in an where angel fears to tread.
Ⓔ None
Ans Ⓒ

29. The correct spelling is ——.
Ⓐ humourous Ⓑ humourious Ⓒ humorous
Ⓓ humurious Ⓔ None
Ans Ⓒ Explanation Humorous -রসাত্মক।

30. 'If you read, you will learn' is a ——.
Ⓐ simple sentence
Ⓑ compound sentence
Ⓒ interrogative sentence
Ⓓ complex sentence
Ⓔ None
Ans Ⓓ Explanation If, though, although, since, as ইত্যাদি থাকলে complex sentence হয়।

31. Choose the right form of verb of the sentence – You had better (to go) home.
Ⓐ You had better to go home
Ⓑ You had better go home
Ⓒ You had better going home
Ⓓ You had better to going home
Ⓔ None
Ans Ⓑ Explanation Had better, would rather এর পর v_1 হয়।

32. Which sentence is correct?
Ⓐ This is an unique case
Ⓑ This is a unique case
Ⓒ This is a very unique case
Ⓓ This is the most unique case
Ⓔ None
Ans Ⓑ Explanation Unique শব্দটির প্রথম উচ্চারণ ইউ (u) এর মত হয়েছে বলে এর পূর্বে a বসবে।

33. What is the correct translation of –আমি কাজটি করিয়েছি?
Ⓐ I did the work
Ⓑ I got the work done
Ⓒ I have got the work done
Ⓓ I have done the work
Ⓔ None
Ans Ⓒ Explanation নিজে না করে অন্যকে দিয়ে করালে causative verb হয়। Get এর পর বস্তু থাকলে v_3 হয়। আর ব্যক্তি থাকলে to + v_1 হয়।

34. Oval is an adjective of ——.
Ⓐ over Ⓑ eye Ⓒ egg
Ⓓ lip Ⓔ None
Ans Ⓒ Explanation Egg এর ল্যাটিন adjective হলো oval।

35. A person who was before another refers to ——.
Ⓐ progeny Ⓑ successor Ⓒ poulterer
Ⓓ predecessor Ⓔ None
Ans Ⓓ Explanation Predecessor - পূর্বসূরী।

36. What is masculine form of 'Duchess'?
Ⓐ Duch Ⓑ King Ⓒ Duke
Ⓓ Lord Ⓔ None
Ans Ⓒ Explanation Duchess (ডিউকপত্নী) এর পুংলিঙ্গ হবে Duke।

37. Tiger : Zoology :: Mars : ?
Ⓐ Astronomy Ⓑ Cryptology Ⓒ Astrology
Ⓓ Telescopy Ⓔ None
Ans Ⓐ Explanation Tiger নিয়ে আলোচনা করা হয় zoology তে আর এর আলোচনা করা হয় Astronomy তে।

38. To read between lines means ——.
Ⓐ to read carefully
Ⓑ to read only some lines
Ⓒ to read quickly to sometimes
Ⓓ to read carefully to find out any hidden meaning
Ⓔ None
Ans Ⓓ Explanation To read between the lines. অন্তর্নিহিত অর্থ আবিষ্কার জন্য যত্নসহকারে পড়া।

39. The antonym of 'retreat' is ——.
Ⓐ return Ⓑ advance Ⓒ treat
Ⓓ refrain Ⓔ None
Ans Ⓑ Explanation Retreat (পশ্চাদপসারণ করা) এর বিপরীত শব্দ advance (অগ্রসর হওয়া)।

40. The synonym of 'belligerent' is ——.
Ⓐ hostile Ⓑ hospitable Ⓒ amicable
Ⓓ friendly Ⓔ None
Ans Ⓐ Explanation Belligerent (যুদ্ধরত) এর সমার্থক শব্দ hostile (বৈরী)

ANALYTICAL ABILITY

41. Arrange the words given below in a meaningful sequence.
i. Poverty ii. Population iii. Death
iv. Unemployment v. Disease
Ⓐ ii, iii, iv, v, i Ⓑ iii, iv, ii, v, i Ⓒ ii, iv, i, v, iii
Ⓓ i, ii, iii, iv, v Ⓔ None
Ans Ⓒ Solve Population – causes – Unemployment – causes – Poverty – causes – Disease – causes – Death

42. There are 26 steps in a shopping mall. In the time Zaman comes down two steps, Ahmed goes one step up. If they start simultaneously and keep their speed uniform, then at which step from bottom will they meet?
Ⓐ 8^{th} Ⓑ 9^{th} Ⓒ 10^{th}
Ⓓ 11^{th} Ⓔ None
Ans Ⓑ Solve Zaman প্রতি step এ 2 ধাপ নিচে নামে
Ahmed প্রতি step এ 1 ধাপ উপরে উঠে
So, তারা একে অন্যের দিকে (2 + 1) = 3 ধাপ আগাচ্ছে
Total Steps = 26
So, they will meet at $\frac{26}{3} = 8\frac{2}{3}$ বা 9

Scanned with CamScanner CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

43. **Your wrist watch daily loses 5 minutes and at the end of the week you make it 15 minutes fast. After how many days it will give you correct time?**
Ⓐ 365 Ⓑ 336 Ⓒ 144
Ⓓ 252 Ⓔ None

Solve Total loss in a week = 5 × 7 = 35 minutes
Total fast করা হয় 15 "
Net loss in a week 20 minutes
Watch টি প্রতি week এ 20 মিনিট হারাচ্ছে সঠিক সময় দেয়ার জন্য 12 hours বা (12 × 60) = 720 মিনিট হারাতে হবে।
720 মিনিট হারাতে লাগবে $\frac{720}{20}$ = 36 week
So, week এর শেষ 15 মিনিট fast করা হয় so, আমাদের প্রকৃত Correct সময় 15/5 বা 3 দিন আগে পাওয়া যাবে।
So, correct time পাওয়া যাবে {(36 × 7) – 3} Days
= (252 – 3) Days = 249 Days

44. **If in a certain code 'ACQUIRE' is written as 'EIRUQAC', how is 'DENSITY' written in the code?**
Ⓐ YTISNDE Ⓑ YITSNED Ⓒ YTISNED
Ⓓ YITSNDE Ⓔ None

Solve

A	C	Q	U	I	R	E
1	2	3	4	5	6	7
E	I	R	U	Q	A	C
7	5	6	4	3	1	2

D	E	N	S	I	T	Y
1	2	3	4	5	6	7
Y	I	T	S	N	D	E
7	5	6	4	3	1	2

45. **In a row of children facing north, Mita is third to the right to the right of Amir. Ravi is fifth to the left of Mita and is twentieth from the left end. Amir's position is seventeenth from the right end of the row. How many children are there in the row?**
Ⓐ 39 Ⓑ 37 Ⓒ 38
Ⓓ 41 Ⓔ None

Solve



বাম থেকে Ravi 20th আর ডান থেকে Amr 17th তার মানে এখানে আছে (20 + 17) জন। Ravi আর Amir এর মাঝে বাকি একটা Position. তাহলে মোট = 20 + 17 + 1 = 38

46. **Here are some words translated from an artificial language.**
leibroon means yellow hat;
plekafroti means flower garden
frotimix means garden salad
Which word could mean 'yellow flower'?
Ⓐ *lelifroti* Ⓑ *lelipleka* Ⓒ *plekabroon*
Ⓓ *frotibroon* Ⓔ None

Solve pleka = flower, froti = Garden, froti = Garden, mix = Salad
So, Pleoka মানে Garden.

47. **Find the number of triangles in the given figure.**

Ⓐ 23 Ⓑ 27 Ⓒ 29
Ⓓ 31 Ⓔ None

Ans Ⓒ

48. **How many days are there 'd' years, 'd' months, 'd' weeks and 'd' days? (1 year = 365 days; 1 month = 30 days)**
Ⓐ 403 Ⓑ $403d^3$ Ⓒ $403d^4$
Ⓓ 403d Ⓔ None

Solve 365 + 30 + 7 + 1 = 403.
d এর মান 1 হলে 403, 2 হলে 806 (403 × 2), 3 হলে 1209 (403 × 3).

49. **Jamal, Hasan and Nasrin are interested to take admission in Economics. Nasrin also likes Political Science. Jenith prefers Sociology and Social Welfare. Palash has a dream for Development Studies. Jamal also has a preference towards Public Administration. Palash has a soft corner towards Journalism. Who has the fewest choices?**
Ⓐ Jamal Ⓑ Hasan Ⓒ Nasrin
Ⓓ Palash Ⓔ None

Solve Jamal ⇒ Econ + P.Ad = 2
Hasan ⇒ Econ = 1
Nasrin ⇒ Econ + Pol. Sc = 2
Jenith ⇒ Sociology + Soc. welfare = 2
palash ⇒ D.S. + Journalisim = 2

50. **Reaching a party the day before yesterday, Selim found himself three days late. If the day after tomorrow is Saturday, then on what day was the party scheduled to be held?**
Ⓐ Friday Ⓑ Saturday Ⓒ Sunday
Ⓓ Monday Ⓔ None

Solve day after tomorrow = শনিবার
So, আজকে বৃহস্পতিবার day before yesterday = মঙ্গলবার
party ছিল তার ও ৩ দিন আগে মানে Saturday বা শনিবার

51. **A, B, C, D, E and F are sitting around a circular table in clockwise manner. Now, A and D alter their positions with each other; C switches over to E's seat; E to B's and B to C's. If finally, F and D exchange seats, what is the ultimate sequence of sitting in clockwise order?**
Ⓐ FBEACD Ⓑ FEBACD Ⓒ FEBADC
Ⓓ FBEADC Ⓔ None.

Solve 1st → A B C D E F
2nd → D B C A E F
3rd → D E B A C F
Final → F E B A C D

Read the following information carefully and answer the questions given below:
Suppose, the Social Science School of Khulna University has decided to facilitate special counseling and related other services to the newcomers of the School. The School authority has hired two Directors (U and V), four Section Officers (W, X, Y and Z), and two Office Assistants (S and T) – a total of exactly eight employees. Each employee works a complete day when working. The School has also set the following rules to execute the services:
(i) The service will be provided only in weekends – Friday and Saturday.
(ii) W and X will not work on the same day.
(iii) One Director must be on duty to execute the services.
(iv) The Directors cannot work on the same day.
(v) At least two Section Officers must be working on the same day.
(vi) S and Z will only work on Friday.
(vii) No employee can work on consecutive days, but each employee must work once a week.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Scanned with CamScanner CamScanner

52. Which of the following could be false?
Ⓐ If U works on Friday, then V must work on Saturday.
Ⓑ If X works on Friday, then W must work on Saturday.
Ⓒ If U works on Saturday, then X must work on Friday.
Ⓓ T can work only one day per week.
Ⓔ None

Solve শর্তগুলি সহজে সাজিয়ে নিলে

Director	S. officer	office Assistant
U.V	w, x, y,z	S.T

i. Only Friday & Saturday
ii. W ≠ X
iii. U/V = 1 must but U ≠ V
iv. w, x, y, z = 2 atleast
v. S + Z = Friday
vi. Nobody = 2 days Everybody = 1 day

D	S.O	এইটা করা সম্ভব so, option C মিথ্যা।
Sat – U	x, y	
Fri – V	w, z	

53. Which is a complete and accurate list of the employees who have the possibility of working on Saturday?
Ⓐ UWYZ Ⓑ UWYS Ⓒ UVWXT
Ⓓ VWYT Ⓔ None

Solve Option (A) – Z, saturday পারবে না
Option (B) – S, saturday পারবে না
Option (C) – U এবং V একসাথে পারবে না

54. If W works on Saturday, then which one of the following must be true?
Ⓐ X works on Friday
Ⓑ Y works on Friday
Ⓒ T works on Saturday
Ⓓ Z works on Saturday
Ⓔ None

Solve w ও x একসাথে পারবে না। So, x কে Friday করতে হবে।

55. Which one of the following is an acceptable group of employees that could work on Friday?
Ⓐ ZWYST Ⓑ UVWYZS Ⓒ VWXST
Ⓓ VWZS Ⓔ None

Solve No, 52 এ already দেখানো হয়েছে কি ভাবে সম্ভব।
তাহলে, 4 জনের বেশি কোনদিন কাজ করা সম্ভব নয়।

56. Which one is the largest in terms of capacity in computer memory?
Ⓐ megabyte Ⓑ nanobyte Ⓒ gigabyte
Ⓓ kilobyte Ⓔ None

Solve প্রদত্ত option গুলির মধ্যে Gigabyte সবচেয়ে বড়।

57. Who is the first governor of Bangladesh Bank?
Ⓐ A. N. M. Hamidullah Ⓑ Atiur Rahman Ⓒ A. K. M. Ahmed
Ⓓ Fakhruddin Ahmed Ⓔ None

Solve Bangladesh bank was founded on 16 December 1971. Excluding the head office Bangladsh Bank has 10 branches (10th branch opened in Mymensing). Dr. Ahsan H. mansur is the present governor of Bangladesh Bank.

58. The highest oil exporting country of the world is –.
Ⓐ Saudi Arabia Ⓑ Kuwait Ⓒ Jordan
Ⓓ Iran Ⓔ None

Ans Ⓐ

59. Which cricketer possesses the title of 'Lieutenant Colo
Ⓐ Rahul Dravid
Ⓑ Sachin Tendulkar
Ⓒ Mahendra Singh Dhoni
Ⓓ Shoaib Akhtar
Ⓔ None

Solve Indian Army conferred the honorary ra Lieutenant Colonel to M S Dhoni on 1 November 2011.

60. Who is the author of 'Das Kapital'?
Ⓐ Adam Smith Ⓑ Karl Marx Ⓒ Charles Dick
Ⓓ Plato Ⓔ None

Solve Karl Marx (1818-1883) first used the conce 'Social Structure'. Some famous books written by him Communist Manifesto, Das Kapital, Capital etc.

61. What is an epitaph?
Ⓐ an inscription on a tomb or a monument
Ⓑ an autobiograhpy
Ⓒ a novel which has a tragic end
Ⓓ felicitations to martyrs of a liberation war
Ⓔ None

Solve Epitaph is an inscription on a tomb or a monum Epistolary is a novel in the forms of letter
Epilogue is a closing speech of a play

62. How many times the constitution of Bangladesh has b amended?
Ⓐ 12 Ⓑ 15 Ⓒ 16
Ⓓ 11 Ⓔ None

Solve Bangladesh Constitution was first amended 1973 concerning the issue of justice for the war criminals. T sixteenth amendment was passed by the parliament on September, 2014. Later on 5 May 2016 Supreme Co declared it as illegal and constradictory to the constitution.

63. Which strait separates Morocco from Spain?
Ⓐ Malacca Ⓑ Pak Ⓒ Bering
Ⓓ Gibralter Ⓔ None

Solve Gibraltar strait connects the 'Atlantic Ocean' the 'Mediteranean Sea' and separates 'Europe' from 'Africa'

64. The biggest island of the world is ——.
Ⓐ Indonesia Ⓑ Sri-Lanka Ⓒ Greenland
Ⓓ Australia Ⓔ None

Solve Geographically Greenland, located betwe Arctic and Atlantic Ocean, belongs to South Americ continent but politically it belongs to Denmark, a Scandinavi country in European.

65. Which country will be the host of the FIFA World Cu Football tournament of 2022?
Ⓐ Russia Ⓑ Brazil Ⓒ England
Ⓓ Qatar Ⓔ None

Solve First FIFA World Cup took place in Uruguay 1930. 23nd FIFA World Cup will take place USA, Canada a Maxico in 2026.

Scanned with CamScanner CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

TIN stands for ——.
Ⓐ Transfer of Information Network
Ⓑ Transparency International Network
Ⓒ Taxpayers Indentification Number
Ⓓ Tax Index Number
Ⓔ None — Ans Ⓒ

"Justice delayed is justice denied" is quoted by —.
Ⓐ W. E. Gladstone Ⓑ Voltaire Ⓒ William Wordsworth
Ⓓ John Milton Ⓔ None — Ans Ⓐ

Which ethnic group has the largest number of population in Bangladesh?
Ⓐ Garo Ⓑ Chakma Ⓒ Santal
Ⓓ Rakhaine Ⓔ None
Ⓑ Solve The second largest ethnic group of Bangladeh is Shaotals.

Thailand got its freedom from —.
Ⓐ Great Britain Ⓑ France Ⓒ The Netherlands
Ⓓ Spain Ⓔ None
Ⓔ Solve Thailand always has been free and it never went under colonial rule.

The prefix 'eco' is used to indicate issues related to —.
Ⓐ economics Ⓑ environment Ⓒ geography
Ⓓ geology Ⓔ None — Ans Ⓑ

The 'Pearl of Africa' is ——.
Ⓐ Uganda Ⓑ Ethiopia Ⓒ Libya
Ⓓ Sudan Ⓔ None
Ⓐ Solve The Pearl of Africa is Uganda
The Horn of Africa is Ethiopia.

Who is the pioneer of 'Bureaucracy'?
Ⓐ Max Weber Ⓑ George Washington Ⓒ Abraham Lincoln
Ⓓ J. J. Rousseau Ⓔ None
Ⓐ Solve Modern Bureaucracy was first introduced in China about 200 years ago. Max Weber talked about 6 characteristics of bureaucracy.

Indonesia again suspended its membership in december 2016.
Ⓐ Malaysia Ⓑ Indonesia Ⓒ Thailand
Ⓓ The Philippines Ⓔ None
Ⓔ Solve Organization of the Petroleum Exporting Countries (OPEC) is an intergovernmental organization of 12 nations, founded on 14 september 1960 in Baghdad. Indonesia suspended its membership in January 2009 but rejoined in January 2016 and cancelled again in 2016.

The first bank in the world was established in ——.
Ⓐ USA Ⓑ Englead Ⓒ China
Ⓓ Greece Ⓔ None — Ans Ⓒ

Who is the first female justice in Bangladesh?
Ⓐ Nazmun Ara Sultana
Ⓑ Nazmun Ara Sabnam
Ⓒ Nazmun Ara Shammi
Ⓓ Nazmun Ara Sayed
Ⓔ None
Ⓐ Solve Nazmun Ara Sultana is the first female justice in Bangladesh and Sultana Razia is the First female emperor at Mughal Period.

খুলনা বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা : ২০১০-১১; B-ইউনিট

Arts and Humanities School

01. The word 'contemporary' is synonymous with —.
Ⓐ contemplative Ⓑ temporary
Ⓒ modern Ⓓ permanent
Ⓒ Explanation Contemporary (সমকালীন, সমসাময়িক) এর সমার্থক শব্দ modern।

02. The underlined words "what to object to is my object of study is ——.
Ⓐ an adjective Ⓑ a verb
Ⓒ a noun Ⓓ both a verb and a noun
Ⓓ Explanation প্রথমটা verb এবং ২য় টা noun।

03. What is the meaning of "have eyes at the back of your head"?
Ⓐ be partial Ⓑ see everything
Ⓒ be blind Ⓓ see the past
Ⓑ Explanation Have eyes at the back of one's head- চতুর্দিকে নজর দেওয়া অর্থাৎ সবকিছু দেখতে পাওয়া।

04. What is the meaning of 'of late'?
Ⓐ recently Ⓑ delayed
Ⓒ lateness Ⓓ too late
Ⓐ Explanation 'Of late'– সম্প্রতি, ইদানীং, recently- সম্প্রতি।

05. What is the correct choice to fill the gap in 'His work partakes —— the prose style of his time'?
Ⓐ in Ⓑ of
Ⓒ at Ⓓ up
Ⓑ Explanation Partake of sth – অংশ নেওয়া বা অংশীদার হওয়া।

06. Which pair of punctuation marks should be used in the following sentence? All right —— he replied —— I'm coming now."
Ⓐ ,and," Ⓑ ,"and,"
Ⓒ ",and", Ⓓ ,and, — Ans Ⓐ

07. Which word is misspelt?
Ⓐ ostentatious Ⓑ intensional
Ⓒ grotesque Ⓓ separately
Ⓑ Explanation ভুল বানান intensional (সঠিক intentional)।

08. The author of Songs of Innocence and of Experience is ——
Ⓐ John Lennon Ⓑ Richard Marx
Ⓒ William Blake Ⓓ John Keats
Ⓒ Explanation Romantic English Poet William Blake (1757-1827) এর কবিতা হচ্ছে *Songs of Innocence and of Experience*।

09. King Lear banished his youngest daughter Cordelia from his Kingdom; but in the end, she became her only shelter. This is an example of —.
Ⓐ sarcasm Ⓑ irony
Ⓒ hyperbole Ⓓ metaphor
Ⓑ Explanation Irony নিন্দাচ্ছলে প্রশংসা এবং প্রশংসাচ্ছলে নিন্দা হলে সেটা irony।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Scanned with CamScanner CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

10. Which is the antonym of the word "honorary"?.
Ⓐ honourable Ⓑ salaried
Ⓒ official Ⓓ literary
Explanation Honorary (অবৈতনিক) এর বিপরীত শব্দ salaried (বৈতনিক)।

11. Who among the following is not a novelist?
Ⓐ Hardy Ⓑ Joyce
Ⓒ Thackeray Ⓓ Blake
Explanation রোমান্টিক যুগের ইংরেজি কবি হলেন William Blake (1757-1821)।

12. Who wrote the famous poetic line "To err is human, to forgive divine"?
Ⓐ Pope Ⓑ Shelley
Ⓒ Keats Ⓓ Dryden
Explanation উক্তিটি করেছেন Neoclassical যুগের Augustan Period এর English poet Alexander Pope (1688-1744)

13. A lion jumped —— the trees.
Ⓐ out of Ⓑ outside of
Ⓒ from behind Ⓓ from among
Explanation Jump out of sth – ঝাঁপ দেওয়া, লাফ দেওয়া।

14. How many syllables are there in the word 'mysteriousness'?
Ⓐ three Ⓑ four
Ⓒ five Ⓓ six
Explanation Mysteriousness শব্দটিতে syllable আছে ৫টি (mys-te-ri-ous-ness)।

15. I had a terrible ——, the train broke down on the way.
Ⓐ journey Ⓑ travel
Ⓒ voyage Ⓓ drive
Explanation Voyage – সমুদ্র যাত্রা, স্থল পথে যাত্রা বোঝাতে Journey হয়।

16. You need to be —— careful.
Ⓐ calmly Ⓑ deeply
Ⓒ amply Ⓓ extremely
Explanation Careful এর ক্ষেত্রে adverb হিসেবে extremely হবে।

17. Fahima always procrastinates when she is asked to finalise a decision or select something. She is —.
Ⓐ extrovert Ⓑ irresolute
Ⓒ introvert Ⓓ dauntless
Explanation ফাহিমা সর্বদা সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে গাড়িমসি করে (procrastinate) বা সিদ্ধান্তহীনতায় ভোগে। irresolute- দৃঢ় সংকল্পহীন।

18. The committee will discuss —— the matter.
Ⓐ about Ⓑ of
Ⓒ why Ⓓ none of the above
Explanation Discuss (আলোচনা করা) এর পর সাধারণত preposition বসে না।

19. When a poem has a speaker, what does a novel have?
Ⓐ narrator Ⓑ character
Ⓒ author Ⓓ speaker
Explanation কবিতায় বক্তাকে বলে Speaker এবং উপন্যাসের বক্তাকে বলে narrator

20. 'You need not worry too much about the matter, I'll care of it.' Here the modal auxiliaries are used to express.
Ⓐ necessity and responsibility
Ⓑ necessity and possibility
Ⓒ determination and invitation
Ⓓ invitation and obligation
Explanation বাক্যটিতে modal verb (need) প্রয়োজনীয়তা দায়িত্বশীলতা অর্থ দিচ্ছে।

21. The underlined part of the sentence 'The question is <u>he will respond</u>' is ——.
Ⓐ an adverb clause of manner Ⓑ an adjective clause
Ⓒ a noun clause Ⓓ an adverb clause of time

22. Which sentence is correct?
Ⓐ There is no room for doubt in it.
Ⓑ There is no misunderstanding in it.
Ⓒ There is no place for doubt in it.
Ⓓ There is no misconception in it.

23. The Victorian age is named after ——.
Ⓐ King Victor I
Ⓑ victory of the British empire
Ⓒ the victors in the war against the French
Ⓓ Queen Victoria
Explanation The Victorian Period (1832-1901) এর নাম করা হয়েছে রানী ভিক্টোরিয়ার নামে।

24. Which is not true of an English sonnet?
Ⓐ It has fourteen lines.
Ⓑ It has five feet in each line
Ⓒ It has fourteen syllables in each line
Ⓓ It is written in iambic pentameter lines.
Explanation সনেট হলো ১৪ লাইনের কবিতা যার প্রত্যেক লাইনে syllable থাকে।

25. Which sentence is incorrect?
Ⓐ Tell me what your name is.
Ⓑ Karim is better today
Ⓒ Karim is comparatively better today.
Ⓓ Candidates need not go to universities to submit applications forms.
Explanation একই বাক্যে দুটি comparative হতে পারে না better use করলে comparatively use করার দরকার নেই।

26. Which sentence is correct?
Ⓐ People are suffering in scatteredness and depressing.
Ⓑ People are suffering scattered and depresssed
Ⓒ People are suffering from scatteredness and depression
Ⓓ Scattered and depressed, people are suffering.
Explanation Suffer form – ভোগা, কষ্ট পাওয়া।

27. Which sentence is correct?
Ⓐ One of the musicians which Eric has been looking practice room.
Ⓑ Eric, one of the musicians, are looking for a practice room
Ⓒ Eric who is one of the musicians who are looking practice room
Ⓓ Eric, one of the musicians, is looking for a practice room
Solve এই বাক্যের মূল subject Eric, যেটা singular, তাই ও singular হবে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Scanned with CamScanner

Choose the correct answers for questions from 28 to 30

It used to be common for dentists to have to remove teeth. However, with modern technology, (.....28....) visits to the dentist's office and good (.....29....) hygiene at home, most people can keep (....30....) teeth for their lives.

Ⓐ the	Ⓑ infrequent	
Ⓒ regular	Ⓓ often	Ans Ⓓ
Ⓐ dental	Ⓑ personal	
Ⓒ cleaning	Ⓓ tooth	Ans Ⓐ
Ⓐ their	Ⓑ his	
Ⓒ front	Ⓓ cleaned	Ans Ⓓ

Translate the following into English :

Ⓐ মানুষের মর্যাদা তার করার ইচ্ছা ও সামর্থ্যের উপর নির্ভর করে।

Ans: The dignity of a man depends upon his will of and capability to work.

Ⓑ নিজের শিখা না জ্বালিয়ে একটি প্রদীপ কখনো অন্য প্রদীপ জ্বালাতে পারে না

Ans: A lamp cannot light up another lamp until it does to itself.

What is 'Eye-rhyme'?

Ans: An eye rhyme, also called a visual rhyme or a sight rhyme, is a rhyme in which two words are spelled similarly but pronounced differently and have come into general use through "poetic license" also known as artistic license.An example is the pair slaughter and laughter; although they look similar, and should rhyme based on the visual aspect, when they are spoken there is no rhyming quality.

Define the term 'Caricature'.

Ans: Caricature is a rendered image showing the features of its subject in a simplified or exaggerated way.In literature, a caricature is a description of a person by using exaggeration of some characteristics and oversimplification of others.

Write the names of two Victorian novelists with the name of one work for each.

Ans: "Great Expectations" by Charles Dickens and "The Return of the Native" by Thomas Hardy.

What do you understand by 'flashback'?

Ans: Flashback or flashbacks may refer to:

Flashback (narrative), in literature and dramatic media, an interjected scene that takes the narrative back in time from the current point.

Flashback (psychology), in which a memory is suddenly and unexpectedly revisited.

Read the passage below carefully and answer the following questions in your own language in single sentences.

One of the major confusion in the teaching of the arts revolves around the word aesthetic. I believe it remains a crucial term for both the renewal and the unification of the arts is education, yet it is a term which is constantly misunderstood and even maligned. In some quarters the word 'aesthetic' has followed in the same track as the word 'academic' and denotes a certain marginality and basic irrelevance; thus as certain matters can be dismissed as being 'merely academic' so, in a similar spirit, they can be dismissed as 'merely aesthetic'. The failure here is essentially a philosophical one and the consequences have been severe. It is high time to make the aesthetic cause not esoteric, but open and clear; open and clear to ourselves, to our pupils and students, to parents, school-governors, politicians and the society at large.

Questions :

(a) Give a suitable title for the passage.
Ans: Confusion in the teaching of aesthetic

(b) Which word in the passage indicates that something is vilified?
Ans: maligned

(c) What is the connection between 'aesthetic' and 'academic'?
Ans: The word 'aesthetic' has followed in the same track as the word 'academic' and denotes a certain marginality and basic irrelevance.

(d) The nature of the 'failure' is philosophical, but what is the failure?
Ans: The failure is that certain matters can be dismissed as being 'merely academic' so, in a similar spirit, they can be dismissed as 'merely aesthetic'.

বিষয় : বাংলা ভাষা ও সাহিত্য

পূর্ণমান : ৫০

01. কোন লেখকের জন্ম বাংলাদেশে?

Ⓐ শওকত ওসমান Ⓑ ড. মুহম্মদ শহীদুল্লাহ্
Ⓒ বুদ্ধদেব বসু Ⓓ সত্যেন্দ্রনাথ দত্ত

Solve লেখক ও জন্ম পরিচয় :

লেখক	জন্ম ও জন্মস্থান
শওকত ওসমান	১৯১৭ খ্রি. ২ জানুয়ারি পশ্চিমবঙ্গের হুগলি জেলার সবল সিংহপুর।
ড. মুহম্মদ শহীদুল্লাহ্	১৮৮৫ খ্রি. পেয়ারা, চব্বিশ পরগনা, পশ্চিমবঙ্গ।
বুদ্ধদেব বসু	৩০ নভেম্বর ১৯০৮ খ্রি. কুমিল্লা।
সত্যেন্দ্রনাথ দত্ত	১৮৮২ খ্রি. নিমতাগ্রাম, কলকাতা।

02. 'পদ্মের পিকাসম ক্ষুদ্র তব মুষ্টিখানি' এটি কোন ধরনের অলংকার?

Ⓐ বিভাবনা Ⓑ অনুপ্রাস
Ⓒ উপমা Ⓓ সমাসোক্তি

Solve একই বাক্যে সাধারণ ধর্ম বিশিষ্ট দুইটি ভিন্ন জাতীয় বস্তুর মধ্যে সাদৃশ্য কল্পনা করা হলে তাকে উপমা বলে। যেমন : 'বেতের ফলের মত তার ম্লান চোখ মনে আসে।' (জীবনানন্দ দাশ)

03. 'শুনিতেছি আজো আমি প্রাতে উঠিয়াই/আয় আয় কাঁদিতেছি তেমনি সানাই।' এটি কোন ধরনের অলংকার?

Ⓐ রূপক Ⓑ শ্লেষ
Ⓒ অতিশয়োক্তি Ⓓ সমাসোক্তি

Solve উপমার চরম পরিণতিকে বলে অতিশয়োক্তি। উপমেয়কে উল্লেখ না করে উপমানকে উপমেয় রূপে উল্লেখ করলে তাকে অতিশয়োক্তি বলে। যেমন : 'আমি নইলে মিথ্যা হত সন্ধ্যাতারা ওঠা /মিথ্যা হত কাননে ফুল ফোটা।'

04. বাংলা সাহিত্যের আধুনিক যুগের শুরু কত সাল থেকে ধরা হয়?

Ⓐ ১৮৬০ খ্রি. Ⓑ ১২০০ খ্রি.
Ⓒ ১৮০০ খ্রি. Ⓓ ১৩৫০ খ্রি.

Solve বাংলা সাহিত্যকে প্রধানত তিনটি যুগে ভাগ করা হয়। যথা : ১. ৬৫০-১২০০ খ্রি. – আদিযুগ ২. ১২০০-১৮০০ খ্রি. – মধ্যযুগ ৩. ১৮০০-আজ পর্যন্ত – আধুনিক যুগ।

05. 'ধর্ম রক্ষার্থে যে ঘট' ব্যাসবাক্যটির সমাস কী?

Ⓐ তৎপুরুষ Ⓑ বহুব্রীহি
Ⓒ কর্মধারয় Ⓓ অব্যয়ীভাব

Solve যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন : ধর্ম রক্ষার্থে যে ঘট = ধর্মঘট।

Scanned with CamScanner CamScanner

06. 'কুলি' শব্দটির বিপরীত লিঙ্গ?

Ⓐ কুলিনী Ⓑ কুলি-বিবি
Ⓒ কামিনী Ⓓ কামিন

Solve লিঙ্গ পরিবর্তন :

পুরুষবাচক	স্ত্রীবাচক	পুরুষবাচক	স্ত্রীবাচক
বামন	বামনি	ভিখারি	ভিখারিনি
মজুর	মজুরনি	বেঙ্গমা	বেঙ্গমি

07. 'ভ্রান্তিবিলাস' কোন ধরনের গ্রন্থ?

Ⓐ উপন্যাস Ⓑ রম্যরচনা
Ⓒ কাহিনিকাব্য Ⓓ অনুবাদ

Solve ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর 'ভ্রান্তিবিলাস' গ্রন্থটি অনুবাদ করেন শেক্সপিয়রের Comedy of Errors থেকে।

08. 'ভগ্ন'-এর সমার্থক শব্দ কোনটি?

Ⓐ খণ্ডিত Ⓑ ভুল
Ⓒ শ্লথ Ⓓ শুভ্র

Solve 'ভগ্ন'-এর সমার্থক শব্দ : খণ্ডিত, ভাঙা, চূর্ণীকৃত, ছিন্ন।

09. কোনটি শুদ্ধ?

Ⓐ আপ্রাণ চেষ্টা Ⓑ প্রবেশ নিষেধ
Ⓒ করা কর্তব্য Ⓓ মুদির দোকান

Solve কতিপয় বাক্য শুদ্ধিকরণ :

অশুদ্ধ বাক্য	শুদ্ধ বাক্য
সে নির্দোষী।	সে নির্দোষ।
তার স্বাস্থ ভালো।	তার স্বাস্থ্য ভালো।

10. 'আইন' শব্দটি কোন বিদেশি ভাষা থেকে বাংলায় গৃহীত?

Ⓐ আরবি Ⓑ ফারসি
Ⓒ তুর্কি Ⓓ পর্তুগিজ

Solve কতিপয় বিদেশি শব্দ :

আরবি শব্দ	দালাল, কবর, মুহুরি, খারিজ, বাকি, কেচ্ছা।
ফারসি শব্দ	জবানবন্দি, সওদাগর, পাঞ্জেরি, আদমি, নালিশ।
তুর্কি শব্দ	উজবুক, বাবা, কাঁচি, বন্দুক, চাকর, চাকু, তোপ।
পর্তুগিজ শব্দ	বালতি, পাউরুটি, গুদাম, আতা, পাদ্রি, মার্কা।

11. সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত কোন সাহিত্যকর্মটি অন্য তিনটি থেকে আলাদা?

Ⓐ লালসালু Ⓑ চাঁদের অমাবস্যা
Ⓒ কাঁদো নদী কাঁদো Ⓓ দুই তীর

Solve লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো – সৈয়দ ওয়ালীউল্লাহ্র বিখ্যাত উপন্যাস। অপরদিকে, 'দুই তীর ও অন্যান্য গল্প' তাঁর গল্পগ্রন্থ।

12. 'অনন্যমনা' এ পদটিকে বিস্তারিতভাবে কী বলা যায়?

Ⓐ অন্যদিকে মন যার Ⓑ অন্যদিকে মন নাই যার
Ⓒ সবদিকে মন থাকে যার Ⓓ অন্য কর্মে মন নাই যার

Solve কতিপয় বাক্য সংকোচন : বিগত হয়েছে মন যার– বিমনা, বিগত হয়েছে পত্নী যার– বিপত্নীক, কামনা দূর হয়েছে যার– বীতকাম, অনুরাগ দূর হয়েছে যার– বীতরাগ; কোনো বিষয়ে স্পৃহা হারিয়েছে যে– বীতস্পৃহ, কোনো বিষয়ে শ্রদ্ধা হারিয়েছে যে– বীতশ্রদ্ধ।

13. 'তোমায় কেন দিইনি আমার সকল শূন্য করে।' দাগাঙ্কিত শব্দটি কোন

Ⓐ বিশেষণ Ⓑ বিশেষ্য
Ⓒ সর্বনাম Ⓓ বিশেষ্য-বিশেষণ

Solve কতিপয় বিশেষ্য থেকে বিশেষণ শব্দ :

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বি
মানব	মানবিক	শরীর	শারীরি
পিশাচ	পৈশাচিক	পশম	পশমি

14. 'সন্ধি' এর বিপরীত শব্দ কোনটি?

Ⓐ অসন্ধি Ⓑ অস্থির
Ⓒ বিগ্রহ Ⓓ দুরভিসন্ধি

Solve কতিপয় বিপরীত শব্দ :

শব্দ	বিপরীত শব্দ	শব্দ	বিপরীত
দ্যুলোক	ভূলোক	দুর্বিষহ	সুসহ
দৃঢ়	শিথিল	ত্বরিত	শ্লথ

15. সৈয়দ মুজতবা আলীর 'চাচা কাহিনী' কী ধরনের রচনা?

Ⓐ ভ্রমণকাহিনি Ⓑ কবিতা
Ⓒ গল্প Ⓓ ব্যঙ্গাত্মক রচনা

Solve সৈয়দ মুজতবা আলীর কতিপয় রচনা :

উপন্যাস	অবিশ্বাস্য (১৯৫৪), শবনম (১৯৬০), শহর-ইয়ার।
ছোটগল্প	পাদটীকা, তীর্থহীনা, রসগোল্লা।
রম্যরচনা	ময়ূরকণ্ঠী (১৯৫২), চাচা কাহিনী (১৯৫২), চতু তুলনাহীনা, বড়বাবু।
প্রবন্ধ	পঞ্চতন্ত্র (১৯৫২) : রম্যরচনা।
শিশুতোষ	টুনি মেম।

16. 'যদি তোমার দক্ষিণহস্ত পশ্চিমে এবং বামহস্ত পূর্বে থাকে, তবে তো কোন দিকে যাইবে? উত্তর পাইলেন,'আমার পশ্চাৎ দিকে।' এ উক্তি রচনা থেকে নেওয়া?

Ⓐ অবরোধবাসিনী Ⓑ উদাসীন পথিকের মনের কথ
Ⓒ আমার জীবনী Ⓓ অর্ধাঙ্গী

17. উপন্যাস ও কবিতার মূল পার্থক্য কী?

Ⓐ কাহিনীতে Ⓑ চরিত্র চিত্রণে
Ⓒ ভাষা রীতিতে Ⓓ পটভূমিকায়

18. 'Postage' শব্দের বাংলা পরিভাষা কোনটি?

Ⓐ ডাক-সংক্রান্ত Ⓑ ডাকমাশুল
Ⓒ ডাকছাপ Ⓓ ডাকটিকেট

Solve কতিপয় পরিভাষা :

বিদেশি শব্দ	পরিভাষা	বিদেশি শব্দ	পরিভাষা
Pathology	রোগবিদ্যা	Parity	সমতা
Poetics	কাব্যতত্ত্ব	Principal	প্রধান

19. 'কুন্তল'-এর সমার্থক শব্দ কোনটি?

Ⓐ কপোত Ⓑ কৌমুদী
Ⓒ চিকুর Ⓓ আত্মজা

Solve 'কুন্তল'-এর সমার্থক শব্দ : অলক, রোম, চিকুর, চুল, কে

20. শব্দের শেষের 'ই' কে আগে এনে উচ্চারণ করার রীতিকে কী বলে?

Ⓐ অভিশ্রুতি Ⓑ অপিনিহিতি
Ⓒ অন্তর্বর্তি Ⓓ বর্ণ বিপর্যয়

Solve পরের ই-কার আগে উচ্চারিত হলে কিংবা যুক্ত ব্যঞ্জ আগে ই-কার বা উ-কার উচ্চারিত হলে, তাকে অপিনিহিতি বলে। আজি > আইজ, সত্য > সইত্য।

Scanned with CamScanner CamScanner

21. যা জানা কঠিন তা হলো–

Ⓐ দুর্জ্ঞেয় Ⓑ অবোধ্য
Ⓒ অজ্ঞাত Ⓓ সুবোধ্য

Solve এক কথায় প্রকাশ : বোঝা যায় না এমন– অবোধ্য, অজানা এমন– অজ্ঞাত, সহজে বোঝা যায় এমন– সুবোধ্য, সংসারের প্রতি আসক্ত– সাংসারিক।

22. 'নীল ময়ূরের যৌবন' কোন কবির রচনা?

Ⓐ আব্দুল মান্নান Ⓑ রফিক আজাদ
Ⓒ সেলিনা হোসেন Ⓓ মহাদেব সাহা

Solve সেলিনা হোসেনের 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসটি অষ্টম থেকে দশম শতাব্দীর চর্যাপদের কালের পরিপ্রেক্ষিতে রচিত। উপন্যাসটি চর্যাপদের কবিগণের যাপিত জীবনের আখ্যানভাগ।

23. কোন কবিতাটি কাজী নজরুল ইসলামের নয়?

Ⓐ প্রলয়োল্লাস Ⓑ দারিদ্র্য
Ⓒ মানুষ Ⓓ আকাশলীনা

Solve 'আকাশলীনা' কবিতাটি জীবনানন্দ দাশের রচনা। 'সুরঞ্জনা, ওইখানে যেয়ো নাকো তুমি' এটি 'আকাশলীনা' কবিতার বিখ্যাত পঙ্‌ক্তি।

24. পূর্ণ পর্বের মাত্রা গণনা করে কীসের প্রকৃতি নির্ধারণ হয়?

Ⓐ কবিতার ছন্দের Ⓑ চরণের
Ⓒ স্তবকের Ⓓ দলের Ans Ⓐ

25. 'উদ্ধৃত' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি?

Ⓐ উৎ + হৃত Ⓑ উদ + ধৃত
Ⓒ উৎ + যুত Ⓓ উ + হত

Solve ত্ বা দ্ এর পরে হ্ থাকলে দুইয়ে মিলে দ্ধ হয়। যেমন :

উৎ + হত = উদ্ধত	উৎ + হার = উদ্ধার
উৎ + হরণ = উদ্ধরণ	তদ্ + হিত = তদ্ধিত
উৎ + হৃত = উদ্ধৃত	পদ্ + হতি = পদ্ধতি

26. 'নির্জনতা' শব্দটিতে কী আছে?

Ⓐ অনুসর্গ ও প্রত্যয় Ⓑ উপসর্গ ও অনুসর্গ
Ⓒ উপসর্গ ও বিভক্তি Ⓓ উপসর্গ ও প্রত্যয় Ans Ⓓ

27. কোনটি 'চতুরঙ্গ' শব্দটির অর্থ নয়?

Ⓐ হাতি, ঘোড়া, রথ ও পদাতিক সহযোগে সৈন্যদল
Ⓑ সঙ্গীতের প্রকারভেদ
Ⓒ শতরঞ্জ বা দাবা খেলা
Ⓓ চতুরতাপূর্ণ দেহভঙ্গী Ans Ⓓ

28. কোন বাক্যটি ঠিক?

Ⓐ সবাই সেদিন আপন দায়িত্ব পালন করেছে
Ⓑ সবাই সেদিন আপন দায়িত্ব পালন করিয়াছে
Ⓒ সবাই সেদিন আপন দায়িত্বসমূহ পালন করেছে
Ⓓ সবাই সেদিন আপন আপন দায়িত্ব পালন করেছে

Solve কতিপয় বাক্য শুদ্ধিকরণ :

অশুদ্ধ বাক্য	শুদ্ধ বাক্য
টাকার আবশ্যক নাই।	টাকার আবশ্যকতা নাই।
ঘূর্ণায়মান বস্তু স্থিতি লাভ করে না।	ঘূর্ণ্যমান বস্তু স্থিতি লাভ করে না।

29. উপকথা কী?

Ⓐ পশু পাখির চরিত্র অবলম্বনে কবিকাহিনি
Ⓑ রাজা চরিত্র কাব্য কাহিনি
Ⓒ নারী চরিত্র প্রধান সম্পন্ন প্রেমমূলক কাহিনি
Ⓓ আলোকিত ও অবিশ্বাস্য ঘটনা সম্বলিত কল্পকাহিনি Ans Ⓐ

30. 'খুঁজি তারে আসমান-জমিন
আমারে চিনি না এ বিষম ভ্রমের ভ্রমি কোন্ জন, সে কোন্ জনা।' উক্তিটি কার?

Ⓐ আব্বাস উদ্দীন Ⓑ লালন ফকির
Ⓒ শাহ আবদুল করিম Ⓓ বিজয় সরকার

Solve কতিপয় পঙ্‌ক্তি, ধরন ও রচয়িতা :

পঙ্‌ক্তি	কবিতা	রচয়িতা
বাঁচতে হলে লাঙ্গল ধর...	গাঁয়ের ডাক	শেখ ফজলল করিম
শোন মা আমিনা, রেখে দেরে কাজ...	মেঘনার ঢল	হুমায়ুন কবির
জন্মেছি মাগো তোমার কোলেতে...	জন্মেছি এই দেশে	সুফিয়া কামাল

31. সারমর্ম লেখ :

এ কেমন শহরে তুমি দাঁড়ালে, সখা
সারারাত সান্ত্রীর আনাগোনা
দূর কাছের শস্যক্ষেত্র কিষাণের পদপাত নেই
পাখি নেই, শিশু নেই; অযুত গোলাম
সোনার শিকল নিয়ে খেলা করে
এ কেমন শহর!

সারমর্ম : গ্রামীণ সমাজব্যবস্থার বিপরীতে গড়ে ওঠা যান্ত্রিক নগরব্যবস্থা কল্যাণকর নয়। নগরায়ণে কৃষি, কৃষক ও প্রকৃতির অনুপস্থিতি অস্বস্তিকর। কেননা, নাগরিক জীবন পরিচালিত হয় যান্ত্রিকভাবে; সেখানে বিরাজ করে ভীতির আবহ।

32. ধ্রুপদী সাহিত্য কী তা পাঁচটি বাক্যে নিজের ভাষায় বুঝিয়ে লেখ?

উত্তর : ক্লাসিসিজম হলো একটি সাহিত্যিক মতবাদ অর্থাৎ একটি সাহিত্যিক দৃষ্টিভঙ্গি। লোকে যাকে বলে 'ধ্রুপদী সাহিত্য'। সাধারণত যে সাহিত্যে থাকে সুসংযত রীতি, গাম্ভীর্যপূর্ণ ভাষা, ঐতিহ্যের অনুবর্তন তাকেই বলে 'ক্লাসিক সাহিত্য' আর সাহিত্য সৃষ্টিতে এ ভাব, ভাষা, রীতি ও আদর্শকে গ্রহণ করার নামই হলো 'ক্লাসিসিজম'।

33. বাংলাদেশের লোকসাহিত্য সম্পর্কে পাঁচটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

উত্তর: কোনো সম্প্রদায় বা জনগোষ্ঠীর অলিখিত সাহিত্যই লোকসাহিত্য। বাংলা লোকসাহিত্য অনেক প্রাচীন। বাংলাদেশের লোককাহিনিতে সকল স্তরের মানবজীবন ও সমাজের অজস্র ছবি আছে। সে সব বিশ্লেষণ করলে জাতির অনেক অজানা ইতিহাস জানা যায়। বাল্যবিবাহ, বহুবিবাহ, যৌতুকপ্রথা, জন্মান্তরবাদ, সতিন-বিদ্বেষ, সৎমার ঈর্ষাকাতরতা, ধনীর ধনলিপ্সা, দুর্বল ও দরিদ্রের দুর্ভোগ, ধন ও বর্ণবৈষম্য, জাতি ও ধর্মভেদ, কৌলীন্য-বিচার, দাম্পত্য-প্রেম, ভ্রাতৃপ্রেম, গুরুভক্তি, অতিথিসেবা, দান-ধ্যান ইত্যাদি সম্পর্কে ধারণা লাভ করা যায়।

34. যথাস্থানে বিরাম চিহ্ন বসাও :

এবার হৈম ইশারার মানে বুঝিল। স্বর আরো দৃঢ় করিয়া বলিল বাবা এমন কথা কখনোই বলিতে পারেন না মা গলা চড়াইয়া বলিলেন তুই আমাকে মিথ্যাবাদী বলিতে চাস? হৈম বলিল আমার বাবাতো কখনোই মিথ্যা বলেন না

উত্তর : এবার হৈম ইশারার মানে বুঝিল। স্বর আরো দৃঢ় করিয়া বলিল, "বাবা এমন কথা কখনোই বলিতে পারে না।" মা গলা চড়াইয়া বলিলেন, "তুই আমাকে মিথ্যাবাদী বলিতে চাস?" হৈম বলিল, "আমার বাবা তো কখনোই মিথ্যা বলেন না।"

Scanned with CamScanner CamScanner

